



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সোনাগাজী সরকারি কলেজ, ফেনী।

Website: [sonagazicollege.gov.bd](http://sonagazicollege.gov.bd)

Email: [sonagazigovtcollege7@gmail.com](mailto:sonagazigovtcollege7@gmail.com)



তারিখ: ২৬/০৯/২০২২ খ্রি.

২০২১ সালের ডিগ্রী(পাস) ১ম বর্ষ ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিগ্রী (পাস) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বিএ/বিএসএস বিভাগে নিয়মিত, ১ম বর্ষে অকৃতকার্য, অনিয়মিত ও মান উন্নয়ন পরীক্ষার ফরমপূরণ নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী Online এ সম্পন্ন করা হবে।

ক) শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ: ২৬/০৯/২০২২ হতে ১০/১০/২০২২ পর্যন্ত

খ) [www.nubd.info/degree-pass](http://www.nubd.info/degree-pass) এই লিংক থেকে ফরমপূরণের ফরম ডাউনলোড করে নির্ধারিত হারে ফিসহ কলেজ অফিসে ফরম জমা দিতে হবে।

কোর্সওয়ারী মোট ফিসের হিসাব নিম্নে দেওয়া হল

ক্রঃ নং	কোর্স	ফি এর পরিমাণ
০১	বি.এ/ বি.এস.এস ১ম বর্ষ নিয়মিত	১৩০০
০২	বি.এ/ বি.এস.এস ১ম বর্ষ অনিয়মিত	১৫০০

১ম বর্ষ অকৃতকার্য (এক বা একাধিক পত্র) খেড উন্নয়ন

এক পত্র	দুই পত্র
৯০০/-	১০০০/-

৪। পরীক্ষার অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) নিয়মিতঃ

i) ২০২০-২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষার অংশগ্রহণ করবে।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (অনিয়মিত)ঃ

i) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

iii) ২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted- C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

v) ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

গ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষাঃ

i) ২০১৫-২০১৬, ২০১৬-১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্র C বা D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।



(রেজা মোহাম্মদ এনামুল হক চৌধুরী)

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

সোনাগাজী সরকারি কলেজ, ফেনী।